

মুজিব বর্ষে বিআরডিবি'র অঙ্গীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী গড়ার

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লী ভবন  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.brdb.gov.bd](http://www.brdb.gov.bd)



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৫.২১-০২৯

তারিখঃ ১৭/১০/২০২১ খ্রিঃ


অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)- ২য় পর্যায় প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ১ম পর্যায়ে বাস্তবায়িত প্রকল্পের কর্মএলাকা ৫৯টি উপজেলার মধ্যে ৭টি উপজেলা (মেহেন্দীগঞ্জ, মির্জাগঞ্জ, ফকিরহাট, চরফ্যাশন, বোরহানউদ্দিন, ডুমুরিয়া ও আমতলী) এর পরিবর্তে নতুন ৭টি উপজেলা (কাউখালী, নোয়াখালী সদর, মিঠাপুকুর, পীরগঞ্জ, পীরগাছা, কাউনিয়া ও গঞ্জাচড়া) ২য় পর্যায়ের প্রকল্পে অন্তর্ভুক্ত রয়েছে। কর্মসূচির নীতি নির্ধারণ কমিটি ও এ সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির সুপারিশ এবং একনেক কর্তৃক অনুমোদিত ডিপিপি'র নির্দেশনা অনুযায়ী ২য় পর্যায়ের প্রকল্প হতে বাদ পড়া ১ম পর্যায়ের ৭টি উপজেলার বিদ্যমান ঋণ কার্যক্রম, স্থাবর ও অস্থাবর সম্পদ হস্তান্তরের বিষয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ১.১. অবলুপ্ত ৭টি উপজেলার মধ্যে মেহেন্দীগঞ্জ, ফকিরহাট, বোরহানউদ্দিন ও ডুমুরিয়া উপজেলার ঋণসহ সকল সম্পদ সদাবিক কর্মসূচিতে, মির্জাগঞ্জ ও আমতলী উপজেলা পদাবিক কর্মসূচিতে এবং চরফ্যাশন উপজেলা বিআরডিবি'র স্মারক নং-৭৮৯৪, তারিখ-২৯/০৮/২০২১ মূলে জারিকৃত অফিস আদেশের নির্দেশনা অনুযায়ী পরিচালনার জন্য ইউআরডিও এর নিকট হস্তান্তর হবে;
- ১.২. বর্ণিত ৭টি উপজেলার ঋণ কার্যক্রমসহ সকল আর্থিক ও বাস্তব সম্পদের হিসাব ১৪/১০/২০২১ খ্রিঃ তারিখ ভিত্তিক হালনাগাদ করে ৩০/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে হস্তান্তর করতে হবে;
- ১.৩. মাঠে বকেয়া ঋণ সংক্রান্ত হিসাব সদস্যওয়ারী পাশ বহি ও অফিসে সংরক্ষিত ডব্লিউসিএস (সফটওয়্যার) এর সাথে মিলকরণপূর্বক ডিটেইল লিষ্ট অনুযায়ী হস্তান্তরিত হবে;
- ১.৪. হিসাব সংক্রান্ত যাবতীয় দলিলাদি হালনাগাদকরণপূর্বক দাপ্তরিক সকল নথিপত্র ও রেজিস্টার এবং জনবল, কম্পিউটার ও মটরসাইকেল ব্যতিত অন্যান্য সকল স্থায়ী সম্পদ (অফিস ভবন, আসবাবপত্র ও অফিস সরঞ্জাম) এর তালিকা করে হস্তান্তরিত হবে;
- ১.৫. মাঠে বকেয়া ঋণ, সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের স্থিতি এবং কু-ঋণ তহবিল ব্যতিত অন্যান্য সকল অর্থ ইরেসপো কর্মসূচিতে ফেরতযোগ্য হবে। এক্ষেত্রে ইরেসপো কর্মসূচিতে ফেরতযোগ্য অর্থ যে অবস্থাতেই থাকুক না কেন তা নগদায়ন করে ফেরত প্রদান করতে হবে;
- ১.৬. বিদ্যমান জনবলের অর্জিত আয় না থাকা সত্ত্বেও বেতন ভাতা উত্তোলনের ফলে যে পরিমাণ তহবিলের ঘাটতি হবে তা কর্মসূচির সদর দপ্তরে ফেরতযোগ্য অর্থ হতে সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ ফেরতযোগ্য হবে এবং কর্মসূচি'র সদর দপ্তর হতে সংশ্লিষ্ট জনবলের অর্জিত আয়ের অতিরিক্ত গ্রহণকৃত বেতনভাতার অর্থ আদায়পূর্বক সমন্বয় করতে হবে;
- ১.৭. হস্তান্তরের পর সকল কার্যক্রম সংশ্লিষ্ট কর্মসূচি'র নিজস্ব নীতিমালা অনুযায়ী পরিচালিত হবে। এ ক্ষেত্রে মাঠে বকেয়া ঋণ আদায়ের ক্ষেত্রে বিদ্যমান সার্ভিস চার্জ ৮% বহাল থাকবে;
- ১.৮. সংশ্লিষ্ট উপজেলার ইউআরডিও কর্তৃক হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হবে এবং উপপরিচালক সার্বিক তদারকির দায়িত্ব পালন করবেন;
- ১.৯. হস্তান্তর প্রক্রিয়া সম্পন্নকরণ ও পরবর্তীতে অন্য কর্মস্থলে পদায়নজনিত কারণে বর্ণিত ০৭ টি উপজেলা কর্মরত কর্মচারীর ০২ মাসের বেতনভাতা নিশ্চিতকরণের জন্য অর্জিত আয় খাতের ঘাটতিকৃত অর্থ কর্মসূচি'র সদর দপ্তরের ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বেতনভাতা খাত হতে পরিশোধযোগ্য হবে;

১.১০. আগামী ৩০/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে হস্তান্তর প্রক্রিয়া আবশ্যিকভাবে সম্পন্ন করে সকল রেকর্ডপত্রের মূল কপি উপজেলা দপ্তরে এবং ছায়ািলিপি ইরেসপো ও সংশ্লিষ্ট কর্মসূচি'র সদর দপ্তরে প্রেরণ করতে হবে।  
উল্লেখ্য, ৩০/১০/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন না হলে স্বয়ংক্রিয়ভাবে ৩১/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে হস্তান্তরিত হয়েছে মর্মে গণ্য হবে এবং পরবর্তীতে কোনরূপ আর্থিক অনিয়ম উৎঘাটিত হলে এর দায় সংশ্লিষ্ট ইউআরডিও-কে ব্যক্তিগতভাবে বহন করতে হবে।

২। প্রকল্পের সফল বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
সুপ্রিয় কুমার কুণ্ডু  
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৫.২১-০২০


তারিখঃ ১৭/১০/২০২১ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: .....
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: ....., জেলা: .....
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: ....., জেলা: .....

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. যুগ্ম-পরিচালক (প্রশাসন/সিসিএম/সম্প্রসারণ ও বিশেষ প্রকল্প), বিআরডিবি, ঢাকা।
২. কর্মসূচি পরিচালক (পদাধিক), বিআরডিবি, ঢাকা।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস নথি।

  
মোহাম্মদ রাশেদুল কারিম  
প্রকল্প পরিচালক